9 FEB 2017
১৪ ... ৬

# বরিশালে খাবার খেয়ে শিক্ষকসহ ৫১ শিক্ষার্থী হাসপাতালে

**স্টাফ রিপোর্টার, বরিশাল ।** নগরীর উলালঘূনীর ইসলামীয়া 'নূরানী হাফেজিয়া মাদ্রাসা ও এতিমখানার শিক্ষক হাফেজ জহিরুল ইসলামসহ' ৫০ শিক্ষার্থী মঙ্গলবার দুপুরের খাবার খেয়ে গুরুতর অসুস্থ হয়েছেন। তাদের সবাইকে ওইদিন রাত নয়টার দিকে সদর হাসপাতালে ভর্তি করা হয়েছে। খাদ্যে বিষক্রিয়ার কারণে এ অবস্থা হয়েছে বলে জানিয়েছেন চিকিৎসকরা। এ ঘটনায় অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেটকে প্রধান করে পাঁচ সদস্যের একটি তদন্ত কমিটি গঠন করা হয়েছে।

**তদন্ত কমিটি**

হাসপাতালে চিকিৎসাধীন শিক্ষার্থীরা জানায়, খাবারের ভাজি ও লাউ তরকারি খেয়ে প্রথমে তাদের পেটে ব্যথা অনুভূত হয়। পরে তারা টয়লেটে যেতে যেতে গুরুতর অসুস্থ হয়ে পড়ে। মাদ্রাসার ইংরেজী শিক্ষক মোঃ জসিম উদ্দিন বলেন, তাদের খাবার বাসি বা পচা ছিল না। স্থানীয় একটি মহলের সঙ্গে মাদ্রাসার সম্পত্তি নিয়ে বিরোধ থাকায় এ ঘটনার নেপথ্যের কারণ বলে তিনি প্রাথমিকভাবে ধারণা করছেন। মাদ্রাসা পরিচালনা কমিটির ভারপ্রাপ্ত সভাপতি আনোয়ার হোসেন সিকদার জানান, মাদ্রাসার আবাসিক ছাত্রাবাসে ৬০ শিক্ষার্থী বসবাস করে আসছে। খবর পেয়ে ঘটনাস্থলে মেডিক্যাল টিম পাঠিয়েছে বলে জানিয়েছেন, জেলা সিভিল সার্জন ডাঃ এএফএম শফিউদ্দিন। সদর হাসপাতালের আবাসিক মেডিক্যাল অফিসার ডাঃ মোঃ দেলোয়ার হোসেন বলেন, ৫১ জন রোগী ভর্তি হবার পর তারা চিকিৎসা দিচ্ছেন। রাতভর তাদের কলেরা স্যালাইন পুশ করা হয়েছে। তিনি আরও বলেন, একাধিকবার টয়লেটে যাওয়া ও বমি হওয়ার কারণে রোগীদের শরীরে পানি শূন্যতা দেখা দিয়েছে। খবর পেয়ে রাতেই হাসপাতাল পরিদর্শন করে জেলা প্রশাসক ড. গাজী মোঃ সাইফুজ্জামান বলেন, ঘটনার নেপথ্যের কারণ অনুসন্ধানে তাদের পক্ষ থেকে অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট মোঃ মনির হোসেনকে প্রধান করে পাঁচ সদস্য বিশিষ্ট তদন্ত কমিটি গঠন করা হয়েছে।

সাত কর্মদিবসের মধ্যে তারা প্রতিবেদন দিবেন।